

৯ কলাম

গোপালগঞ্জের বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প গুটিয়ে নেয়ার নির্দেশ

গোপালগঞ্জ থেকে নিজস্ব সংবাদ-দাতা : গোপালগঞ্জের বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্পটি গুটিয়ে নেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় গত ৪ঠা এপ্রিল শাঃ ১৪/১১ বিসক-৩/৯৮/১২৩/১(৯) স্মারকে জারিকৃত এক প্রজ্ঞাপনে প্রকল্প পরিচালককে দায়িত্ব থেকে অব্যাহতি দান, প্রকল্পের যাবতীয় মালামাল

হস্তান্তরসহ অস্থায়ী কার্যালয়ের ভাড়া চুক্তি বাতিল এবং কর্মচারীদের অব্যাহতি প্রদানের নির্দেশ দেয়া হয়।

প্রজ্ঞাপনে প্রকল্প পরিচালক প্রফেসর খায়রুল আনাম খানকে তার সাবেক কর্মস্থল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদে প্রত্যাবর্তনের এবং প্রকল্প পরিচালককে প্রকল্পের মারতীয় আসবাব-পত্র স্থানীয় অ্যাডুকেশন ফ্যাসিলিটিজ বিভাগের নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলীর কাছে হস্তান্তরের নির্দেশ দেয়া হয়। একই প্রজ্ঞাপনে প্রকল্পে নিয়োজিত নির্বাহী প্রকৌশলী এস. এম. একান্দার আলীসহ ৮ জন কর্মকর্তা/কর্মচারীকে এপ্রিল ২০০২ মাসের বেতন দিয়ে অব্যাহতি দেয়ার কথা বলা হয়।

গত আলীগ সরকারের আমলে গোপালগঞ্জ সদর উপজেলার গোবরায় ৫৩ একর জমির ওপর বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয় এবং ১১ কোটি টাকা ব্যয়ে জমি অধিগ্রহণ ও মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়। জোট সরকার ক্ষমতায় আসার পর প্রথমে প্রকল্পটির কার্যক্রম স্থগিত এবং পরে প্রকল্পটি গুটিয়ে নেয়ার প্রজ্ঞাপন জারি করা হয়। প্রকল্পটি গুটিয়ে নেয়ার সরকারি নির্দেশে গোপালগঞ্জে তীব্র প্রতিক্রিয়া ও ফেবডের সৃষ্টি হয়েছে। চাকরিচ্যুত কর্মকর্তা/কর্মচারীরা হয়ে

সরকারি এ সিদ্ধান্তের প্রতিবাদে ওয়াকার্স পার্টি জেলা কমিটির উদ্যোগে গত ৯ই এপ্রিল চৌরসীতে এক প্রতিবাদ সমাবেশ হয়। অন্যান্যের মধ্যে এতে বক্তব্য রাখেন পার্টি নেতা শেখ মো. ইলিয়াস, শহীদ চৌধুরী, গোলাম কিবরিয়া ফয়েজ, তপন দাস, সমর বাইন প্রমুখ। এছাড়া ১১ই এপ্রিল প্রতীক অনশন কর্মসূচি পালন করা হয় স্থানীয় পৌরপার্কে। জেলা প্রশাসকের কাছে পেশ করা হয় স্মারকলিপি।